

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০৬

কুমারঘাট, ১৭ নভেম্বর, ২০২৩

২৭ নভেম্বর মশাউলিতে ঐতিহ্যবাহী রাস উৎসব

কুমারঘাট মহকুমার মশাউলিতে প্রতি বছরের মতো এবছরও ঐতিহ্যবাহী রাস উৎসব ২০২৩ উদযাপিত হবে। আগামী ২৭ নভেম্বর তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় মশাউলির ধর্মনগর পাড়ায় দুটি নাটমন্দিরে এই উৎসব আয়োজিত হবে। উৎসব উপলক্ষে মশাউলির লক্ষ্মীকান্ত শর্মা নাটমন্দির ও মধুসূদন শর্মা নাটমন্দিরে সারাদিন ও রাতব্যাপী রাখাল নৃত্য ও রাসলীলা অনুষ্ঠিত হবে। লক্ষ্মীকান্ত শর্মা মন্দিরে গতকাল এক প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। অনুষ্ঠানের অঙ্গ হিসেবে মহকুমার বিভিন্ন প্রান্তের শিল্পীরা রাখাল নৃত্য ও রাস নৃত্য পরিবেশন করবেন। উৎসবকে কেন্দ্র করে মেলা আয়োজনেরও উদ্যোগ নেওয়া হয়েছে। প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন অবসরপ্রাপ্ত শিক্ষক লক্ষ্মীকান্ত শর্মা।
